গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(মাননীয় মন্ত্রীর দপ্তর)
প্রেস রিলিজ

সকল ক্যাডার কর্মকর্তাদের ঐক্যবদ্ধ হয়ে কাজ করার আহ্বান স্থানীয় সরকার মন্ত্রীর

ঢাকা, ১৬ সেপ্টেম্বর, ২০২২ইং, শুক্রবার।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা গড়তে সকল ক্যাডার কর্মকর্তাদের ঐক্যবদ্ধ হয়ে সাধারণ মানুষকে সাথে নিয়ে কাজ করার আহ্বান জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মোঃ তাজুল ইসলাম।

আজ সন্ধ্যায় রাজধানীর অফিসার্স ক্লাবে আয়োজিত ২৯তম বিসিএস-এর একাদশ বর্ষপূর্তি উপলক্ষে 'বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলাদেশ দৃঢ় প্রত্যায়ী ২৯তম বিসিএস' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে নিয়ে কথা জানান।

মন্ত্রী বলেন, দেশকে উন্নত সমৃদ্ধ করতে সকল খাতে উন্নয়ন দরকার। উন্নয়ন কার্যক্রম পরিচালনায় সরকার বিভিন্ন বিভাগে কর্মকর্তা-কর্মচারী নিয়োগ করেছে। যার উপর যে দায়িত্ব অর্পিত হয়েছে তা যথাযথভাবে পালন করা আমাদের নৈতিক দায়িত্ব। আমরা যদি স্ব স্ব জায়গা থেকে সকলে একত্রিত হয়ে কাজ করি তাহলে দেশকে লক্ষ্যে পৌঁছানো সহজ হবে।

মোঃ তাজুল ইসলাম জানান, ২০৩০ সালের মধ্যে উচ্চ মধ্যম আয়ের এবং ২০৪১ সালের মধ্যে দেশকে উন্নত-সমৃদ্ধ দেশে রুপান্তরিত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে সরকার। শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, যোগাযোগ ব্যবস্থা এবং দেশের মাথাপিছু আয় বৃদ্ধিসহ সকল ক্ষেত্রে অভূতপূর্ব উন্নয়ন অর্জন হয়েছে। এধারা অব্যাহত থাকলে নির্দিষ্ট সময়ের আগেই কাঙ্খিত লক্ষ্য পূরণ হবে।

এপ্রসঙ্গে তিনি আরও জানান, উচ্চ আয়ের দেশ হতে হলে আমাদের সাড়ে ১২ হাজার ডলার মাথাপিছু আয় প্রয়োজন হবে। উন্নত দেশের কাতারে পৌঁছানোর জন্য আমাদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা করা হয়। প্রতিটি পঞ্চবার্ষিকী পরিকল্পনার বাস্তবায়নের জন্য লক্ষ্যে প্রতি বছর বাজেট করা হয়। এরমধ্যে অনেকগুলো পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাস্তবায়ন করা হয়েছে।

স্থানীয় সরকার মন্ত্রী বলেন, আমি বিশ্বাস করি প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে দেশ থাকলে কখনোই পথ হারাবে না বাংলাদেশ। আর বাংলাদেশ পথ হারালে আমরা ক্ষতিগ্রস্ত হব। দেশ পিছিয়ে পড়বে। সাধারণ মানুষের আশা আকাঙ্ক্ষা অপূর্ণ থেকে যাবে।

২৯তম বিসিএস অল ক্যাডার ফোরামের সভাপতি মমতাজ বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে মুখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন। এছাড়া যুব ও ক্রীড়া সচিব মেজবাহ উদ্দিনসহ ২৯ তম বিসিএসের বিভিন্ন ক্যাডারের কর্মকর্তা উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/ -

মোঃ হায়দার আলী
তথ্য ও জনসংযোগ কর্মকর্তা
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
মোবাইল- ০১৭২২-০৯৫৫৮৫
ইমেইল-pro.lgd20@gmail.com

সম্মানিত বার্তা সম্পাদক/ চিফ রিপোর্টার/ সি, ডিপিআইও(প্রেস)
সকল সংবাদ মাধ্যম/ পিআইডি।

বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলাদেশ
দৃঢ়প্রত্যয়ী ২৯তম বিসিএস
প্রধান অথিতি
জনাব মোঃ তাজুল ইসলাম এমপি

২৯তম বিসিএস এর একাদশ বর্ষপূর্তি উপলক্ষে
"বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলাদেশ
দৃঢ় প্রত্যয়ী ২৯তম বিসিএস"
শীর্ষক আলোচনা সভা
প্রধান অতিথি : জনাব মোঃ তাজুল ইসলাম এম পি, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
মুখ্য আলোচক : জনাব ফরহাদ হোসেন এম পি, মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়
সভাপতি : মমতাজ বেগ
তারিখ : ১৬ই সেপ্টেম্বর
ভেন্যু : অফিসার্স ক্লাব, বেইলী রোড, ঢাকা